

## ছাত্র-ছাত্রীদের সহ-শিক্ষা প্রদানেরও প্রয়োজন রয়েছে -শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : আইডিয়াল কমান্স কলেজের শিক্ষা সপ্তাহ পালনের সমাপনী অনুষ্ঠান ছিল গতকাল (বৃহস্পতিবার)। গ্রীন রোডের কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, ছাত্র-ছাত্রীদের একাডেমিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার পাশাপাশি সহ-শিক্ষা প্রদানেরও প্রয়োজনীয়তা রয়েছে। আইডিয়াল কমান্স কলেজের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর সগৃহব্যাপী কার্যক্রম উল্লেখ করে তিনি উদ্যোক্তাদের সুচিন্তিত মতামত ও পরামর্শের আলোকে শিক্ষার্থীদের মেধা ও মনন বিকাশের সাথে সাথে স্ব-প্রতিভার বিকাশ ঘটানোর আহ্বান জানান। আর এ লক্ষ্যে প্রশিক্ষিত ও নিষ্ঠাবান শিক্ষক প্রয়োজন বলে উল্লেখ করেন তিনি। তিনি বলেন, নতুন প্রতিষ্ঠান হিসেবে শুরু থেকেই সঠিক ব্যবস্থাপনা থাকা জরুরী। তিনি কলেজের পারিপার্শ্বিক পরিবেশের কথা বিবেচনা করে কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীদের প্রতি অধিক যত্নবান হওয়ার আহ্বান জানান।

কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ডাক্তার অভিরিক্ত জেলা প্রশাসক তৌহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর শাহেদা ওবায়দ। অন্যদের মধ্যে বক্তৃতা করেন কলেজের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য এম এ হালিম পাটওয়ারী, কলেজ পরিচালনা পর্ষদের নির্বাহী সদস্য কামাল উদ্দিন পাটওয়ারী, আলমগীর হোসেন পাটওয়ারী প্রমুখ। প্রফেসর শাহেদা ওবায়দ বলেন, মাত্র এক বছরের মাঝায় সগৃহব্যাপী অনুষ্ঠান পালনের মাধ্যমে কর্তৃপক্ষ প্রমাণ করলো এ কলেজটি অন্যান্য কলেজের তুলনায় ব্যতিক্রমধর্মী। প্রিন্সিপাল এম এ হালিম পাটওয়ারী উল্লেখ্যে কলেজটি উন্মুক্ত দিকে অগ্রসর হবে বলে অতিমত পোষণ করেন। অনুষ্ঠানের শুরুতে মন্ত্রী কলেজের অপর একটি ক্যাম্পাস এবং কম্পিউটার ল্যাব উদ্বোধন করেন। পরে তিনি সগৃহব্যাপী বিভিন্ন অনুষ্ঠানে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। আইডিয়াল কলেজের পক্ষ থেকে মন্ত্রীর হাতে ত্রেস্ট তুলে দেন কলেজের প্রিন্সিপাল। পরে কলেজের ছাত্র-ছাত্রীরা এক মনোমুগ্ধ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।